

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৮৫) প্রাণী অথবা মানুষের ছবি বিশিষ্ট কাপড় পরিধান করে সালাত পড়ার বিধান কী?

উত্তর: প্রাণী অথবা মানুষের ছবি বিশিষ্ট কাপড় পরিধান করা জায়েয নেই। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«إِنَّ الْمَلَائِكَةَ لَا تَدْخُلُ بَيْتًا فِيهِ الصُّورَةُ»

"যে ঘরে ছবি রয়েছে, সে ঘরে রহমতের ফিরিশতা প্রবেশ করে না।"[1] স্মৃতি স্বরূপ কারও ছবি যত্ন করে রেখে দেওয়াও জায়েয় নেই। কাজেই যার কাছে এ রকম ছবি রয়েছে, তার উচিৎ এগুলো নষ্ট করে দেওয়া। দেওয়ালে ঝুলন্ত থাকুক কিংবা এ্যালবামের ভিতরে সংরক্ষিত থাকুক অথবা অন্য কোনো স্থানে থাকুক। কারণ, ঘরের মধ্যে ছবি থাকলে ঘরের মালিক রহমতের ফিরিশতাদের প্রবেশ থেকে বঞ্চিত হবে।

>

ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুল লিবাস।

Source — https://www.hadithbd.com/books/link/?id=617

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন